যুদ্ধ থামাতে পুতিনের কাছে যাচ্ছেন জাতিসংঘের মহাসচিব গুতেরেস

চেম্বার ডেস্ক: রাশিয়ার পক্ষ থেকে শুক্রবার জানানো হয়েছে, ২৬ এপ্রিল মঙ্গলবার রাশিয়া সফরে আসবেন জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস।

মহাসচিবের অফিসের মুখপাত্র এরি কানেকো বলেছেন, গুতেরেস আশা প্রকাশ করেছেন, তার সফরে এমন আলোচনা করবেন যা ইউক্রেনে যুদ্ধ বন্ধ করবে ও শান্তি আনবে।

রাশিয়ার সংবাদ সংস্থা আরআইএ নভোস্তিকে রাশিয়ার মুখপাত্র দিমিত্রি পেসকোভ বলেন, ২৬ এপ্রিল মঙ্গলবার জাতিসংঘের মহাসচিব মস্কোতে পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভরে সঙ্গে দেখা করতে মস্কোতে আসবেন।

তিনি আরও বলেন, গুতেরসকে প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনও অভ্যর্থনা জানাবেন।

জাতিসংঘের মহাসচিবের একজন মুখপাত্র জানিয়েছেন, গুতেরেস রুশ পররাষ্টমন্ত্রী সের্গেই ল্যাভরভের সঙ্গে বিশেষ সাক্ষাত করবেন এবং তার সঙ্গে দুপুরের খাবার খাবেন।

এদিকে জাতিসংঘের মহাসচিব এমন সময় রুশ প্রেসিডেন্ট পুতিনের সঙ্গে দেখা করতে যাচ্ছেন যখন তার বাহিনী মারিউপোলের আজভস্টালে ইউক্রেনের সেনাদের আটকে রেখেছে।

মহাসচিব আন্তোনিও গুতেরেস ইতিমধ্যেই রাশিয়ার প্রতি আহ্বান জানিয়েছেন, যেন তারা মারিউপোলে আটকে পড়া বেসামরিক লোক ও সেনাদের নিরাপদে বের হয়ে যাওয়ার সুযোগ দেন।

সূত্র: বিবিসি, আল জাজিরা